বাংলালিংকের ব্যবসা জিজ্ঞাসা সার্ভিস চালু

কর্পোরেট ডেস্ক : বাংলালিংক দেশের অর্থনৈতিক উন্নয়নে উদ্ভাবনী পণ্য ও সেবা প্রদানের মাধ্যমে সর্বদা সচেষ্ট। এই প্রচেষ্টার ধারাবাহিকতায় বাংলালিংক সুইসকনট্যাক্ট ক্যাটালিস্টের সঙ্গে যৌথভাবে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় পাবলিক ও প্রাইভেট সেক্টরে ক্ষুদ্র ব্যবসায়ী ও কৃষকদের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব তৈরীর লক্ষ্যে প্রথমবারের মতো 'ব্যবসা জিজ্ঞাসা ৭৬৭৭' (কল সেন্টার ভিত্তিক ব্যবসা সংক্রান্ত তথ্য সরবরাহ সেবা) চালু করেছে। গত ২ নভেম্বর স্থানীয় একটি পাঁচতারকা হোটেলে আনুষ্ঠানিকভাবে এই সেবা কার্যক্রম উদ্বোধন করা হয়। 'কৃষি জিজ্ঞাসা ৭৬৭৬' (কৃষিবিষয়ক তথ্য সার্ভিস)-এর সাফল্যের পর ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) উন্নয়নের জন্য এবার এই সেবা কার্যক্রম চালু করা হল।

এই সার্ভিসের মাধ্যমে বর্তমান এবং সম্ভাবনাময় সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে অর্থনৈতিক সকল তথ্য যেমন– অ্যাকাউন্ট ওপেনিং, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ঋণ, বিভিন্ন ব্যাংকের ডিপোজিট সুবিধা এবং বিজনেস ডকুমেন্টেশন পদ্ধতি যেমন– ট্রেড লাইসেন্স, ট্যাক্স ডকুমেন্টেশন ইত্যাদি গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করা হবে। 'ব্যবসা জিজ্ঞাসা ৭৬৭৭' একটি এজেন্টভিত্তিক কল সেন্টার তথ্য সরবরাহ সেবা যা সপ্তাহের সাতদিনই ২৪ ঘণ্টা কার্যকর থাকবে। যে কোন বাংলালিংক নম্বর থেকে ৭৬৭৭ এই সংক্ষিপ্ত কোডে ডায়াল করে খুব সহজে এই সার্ভিস সুবিধা পাওয়া যাবে। কৃষি সহায়তা সার্ভিস 'কৃষি জিজ্ঞাসা ৭৬৭৬'-এর সাফল্য বিবেচনা করে আশা করা যাচ্ছে সহস্রাধিক ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) উদ্যোক্তা এবং ব্যবসায়ী এই সার্ভিসের মাধ্যমে উপকৃত হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গর্ভনর ড. আতিয়ার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব এম মোশাররফ হোসেন ভূঁইয়া এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ফিরোজ আহমেদ এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুইস কনট্যাক্টের প্রেসিডেন্ট মি. পিটার গ্রুচো। আরো উপস্থিত ছিলেন বাংলালিংকের সিইও আহমেদ আবু দোমা, বাণিজ্যিক প্রধান আসের ইয়াকুব খান, ক্যাটালিস্টের জেনারেল ম্যানেজার জেমস ব্লেওয়ার্টসহ বাংলালিংক ও ক্যাটালিস্টের উর্ধ্বতন কর্মকর্তাগণ। অনুষ্ঠানে 'ব্যবসা জিজ্ঞাসা ৭৬৭৭'-এর সার্ভিস পার্টনার সিসিএল এবং নির্ঝর আইটি'র প্রতিনিধিও উপস্থিত ছিলেন।

কুমিল্লায় ঢাকা ব্যাংকের রেমিট্যান্স ব্যাংকিং শুরু

সম্প্রতি পেইজ ও ঢাকা ব্যাংক-এর যৌথ উদ্যোগে ওয়েস্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার কার্যক্রমের আওতায় কুমিল্লা টাউন হলে রেমিট্যান্স কার্যক্রমের সকল শাখার ব্যবস্থাপক, হিসাব রক্ষক ও সংশ্লিষ্ট শাখাসমূহের ইমাম, গণ্যমান্য প্রতিনিধিদের নিয়ে এক আলোচনা সভা ও মেজবানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক খোন্দকার ফজলে রশীদ। কুমিল্লার জেলা প্রশাসক আব্দুল মালেক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেবা গ্রহণকারীদের উদ্দেশে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ঢাকা ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক তানভীর রহিমসহ অন্যান্য কর্মকর্তাগণ। ❑ বিজ্ঞপ্তি

স্বপ্ন'র ক্রয় প্রতিনিধিদের প্রশিক্ষণ

সম্প্রতি রিটেইল চেইন স্বপ্ন'র আয়োজনে তেজগাঁও-এর এসিআই সেন্টারে অনুষ্ঠিত হয় বায়িং এজেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম।

‘স্বপ্ন’ এবং ‘ক্যাটালিস্ট’ যৌথভাবে সারাদেশে এই পর্যন্ত ২১৮ জন ক্রয় প্রতিনিধি তৈরী করেছে। এই ক্রয় প্রতিনিধির প্রত্যেকেই সরাসরি কৃষিজাত পণ্য উৎপাদনের সংগে জড়িত কৃষক, জেলে এবং খামারী। এই কর্মসূচিতে কৃষি বিষয়ক বিভিন্ন নির্দেশনা ছাড়াও, ব্যাংকের সাথে আর্থিক লেনদেন, পণ্য পরিবহন ও পণ্যের গুণগত মান রক্ষায় করণীয় বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বপ্ন’র চীফ অপারেটিং অফিসার আসিফ ইকবাল, ডিরেক্টর ইন্টারনাল অপারেশনস মোস্তাফা তারেক, হেড অব ফাইনান্স অ্যান্ড কর্পোরেট অ্যাফেয়ার্স সাব্বির আহমেদ, হেড অব ইনফরমেশনস সিস্টেম শেখ মোহাম্মদ শফিকুল ইসলাম, হেড অব সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট হাবিবুর রহমানসহ অন্যান্য কর্মকর্তাগণ। ম বিজ্ঞপ্তি

এলজি’র হাইডেফিনিশন টিভি ফাংশনের এলসিডি মনিটর

গ্লোবাল ব্র্যান্ড (প্রা.) লিমিটেড দেশীয় আইটি মার্কেটে এনেছে বিশ্বখ্যাত এলজি ব্র্যান্ডের নতুন এলসিডি টিভি মনিটর। ২১.৫ ইঞ্চির প্রশস্ত পর্দার এই মনিটরটিতে রয়েছে সম্পূর্ণ হাইডেফিনিশন টিভি ফাংশন, এতে কাজের পাশাপাশি টিভি প্রোগ্রাম উপভোগ করা যায়। মনিটরটির সবচেয়ে চমকপ্রদ ফিচারটি হলো পিকচার-ইন পিকচার ফাংশন, যার মাধ্যমে মনিটরটিতে একই সাথে কম্পিউটারের কাজ করা যায় এবং টিভি প্রোগ্রাম উপভোগ করা যায়। মনিটরটির পর্দার রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০, কন্ট্রাস্ট রেশিও ২০০০০:১, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড। এতে রয়েছে ডি-সাব, ডিভিআই-ডি, কম্পোনেন্ট, এস-ভিডিও, কম্পোজিট, ২টি এইচডিএমআই প্রভৃতি সংযোগ সুবিধা। এছাড়া রয়েছে বিল্ট-ইন সাররাউন্ড স্পিকার ও রিমোট কন্ট্রোল। মূল্য রাখা হয়েছে ২০,০০০/- টাকা। ❏ বিজ্ঞপ্তি

পোল্ট্রি খাতে এইচএসবিসি’র সিন্ডিকেটেড টার্ম ফিন্যান্স

দি হংকং এ্যান্ড সাংহাই ব্যাংকিং করপোরেশন (এইচএসবিসি), কাজী গ্র্যান্ড পারেন্টস লিমিটেড-এর জন্য সিন্ডিকেট টার্ম ফিন্যান্স-এর ব্যবস্থাপনা করেছে।

সম্প্রতি রাজধানীর ওয়েস্টিন হোটেলে এই সিন্ডিকেট টার্ম ফিন্যান্সিং-এর সফল পরিসমাপ্তি উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ব্যাংকসমূহের এবং কাজী ফার্মস-এর প্রধান নির্বাহীগণ ও সিনিয়র অফিসিয়ালগণ উপস্থিত ছিলেন। ২০টি ব্যাংকের এই সিন্ডিকেট ১২৫ কোটি টাকা টার্ম ফিন্যান্সিং এবং ৬০ কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল, পোল্ট্রি ফার্ম প্রোজেক্ট-এর সম্প্রসারণে প্রদান করবে।

এইচএসবিসি ছাড়াও এই সিন্ডিকেটের অন্যান্য সদস্য ব্যাংক হলো- ব্যাংক এশিয়া, দি সিটি ব্যাংক, কমার্শিয়াল ব্যাংক অব সিলন, ঢাকা ব্যাংক, ইস্টার্ন ব্যাংক, আইসিবি ইসলামিক ব্যাংক, আইএফআইসি ব্যাংক, মার্কেন্টাইল ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ব্র্যাক ব্যাংক, ন্যাশনাল ব্যাংক, ওয়ান ব্যাংক, প্রাইম ব্যাংক, পূবালী ব্যাংক, সাউথ ইস্ট ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক এবং শাহজালাল ব্যাংক লিমিটেড। ❏ বিজ্ঞপ্তি

ভাষানটেক প্রকল্পে সাইবার ক্যাফে উদ্বোধন

সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় ও বেসরকারী প্রতিষ্ঠান এনএসপিডিএল’র যৌথ

উদ্যোগে পরিচালিত ভাসানটেক প্রকল্পে বিআরপি সাইবার ক্যাফ-এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এনএসপিডিএল'র চেয়ারম্যান আব্দুর রহিম। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আসাদুজ্জামান খান, সংসদ সদস্য ঢাকা-১১, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অধ্যাপক সিরাজউদ্দিন। এছাড়াও এনএসপি ট্যুরস এন্ড ট্রাভেলসের চেয়ারম্যান মরিয়ম বিবিসহ প্রমুখ বক্তব্য রাখেন। ❑ বিজ্ঞপ্তি